

প্রথম আলো

বৃহস্পতিবার, ২ জুলাই ২০২৬, ১৮ আষাঢ় ১৪৩৩

এনএসইউর ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান

আজিজ আল কায়সার পুনর্নির্বাচিত

নিজস্ব প্রতিবেদক, ঢাকা



নর্থ সাউথ ইউনিভার্সিটির (এনএসইউ) ট্রাস্টি বোর্ডের (বিওটি) চেয়ারম্যান হিসেবে আবার নির্বাচিত হয়েছেন আজিজ আল কায়সার। বিশ্ববিদ্যালয়ের উন্নয়নে তাঁর নেতৃত্ব, কৌশলগত দূরদর্শিতা এবং অব্যাহত অবদানের স্বীকৃতি হিসেবে তাঁকে ২০২৬-২৭ মেয়াদেও এ দায়িত্ব দেওয়া হয়েছে বলে গতকাল বুধবার বিশ্ববিদ্যালয়ের সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

চেয়ারম্যান হিসেবে পুনর্নিয়োগ পাওয়ার পর আজিজ আল কায়সার বলেন, 'নর্থ সাউথ ইউনিভার্সিটি দীর্ঘদিনের দূরদর্শী নেতৃত্ব, নিষ্ঠা ও কঠোর পরিশ্রমের ফল। বোর্ড আবারও আমার ওপর আস্থা রাখায় আমি কৃতজ্ঞ।'

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আবদুল হান্নান চৌধুরী বলেন, 'আজিজ আল কায়সারের নেতৃত্ব এনএসইউকে শিক্ষা, গবেষণা ও বৈশ্বিক সহযোগিতার ক্ষেত্রে আরও এগিয়ে নিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।'

আজিজ আল কায়সার নর্থ সাউথ ইউনিভার্সিটির প্রতিষ্ঠাতা সদস্য ও ট্রাস্টি বোর্ডের সাবেক চেয়ারম্যান প্রয়াত এম এ হাশেমের ছেলে। তিনি বর্তমানে পারটেক্স স্টার গ্রুপের চেয়ারম্যান এবং সিটি ব্যাংক পিএলসির সদ্য সাবেক চেয়ারম্যান।

